

■■ সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৯৬২

৫০/ কুরআন তাফসীর (ﷺ) পরিচ্ছেদঃ সূরা আল-বাকারা

بَابُّ: وَمِنْ سُورَةِ البَقَرَةِ

আরবী

حَدَّقَنَا هَنَّادٌ، حَدَّقَنَا وَكِيعٌ، عَنْ إِسْرَائِيلَ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنِ الْبَرَاءِ بْنِ عَازِب، قَالَ لَمَّا قَدَمَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم الْمَدينَة صَلَّى نَحْوَ بَيْتَ الْمَقْدسِ سِتَّةَ أَقْ سَبْعَةَ عَشَرَ شَهْرًا وَكَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُحِبُّ أَنْ يُوجَّةَ إِلَى الْكَعْبَةِ فَأَنْزَلَ عَشَرَ شَهْرًا وَكَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يُحِبُّ أَنْ يُوجَّةَ إِلَى الْكَعْبَةِ فَأَنْزَلَ اللَّهُ: (قَدْ نَرَى تَقَلُّبَ وَجْهِكَ فِي السَّمَاءِ فَلَنُولِيَنَّكَ قِبْلَةً تَرْضَاهَا فَولِ وَجْهَكَ شَطْرَ اللَّهُ: (قَدْ نَرَى تَقَلُّبَ وَجْهِكَ فِي السَّمَاءِ فَلَنُولِيَنَّكَ قِبْلَةً تَرْضَاهَا فَولِ وَجْهَكَ شَطْرَ اللَّهُ الْمَسْجِدِ الْحَرَامِ) فَوَجَّةَ نَحْوَ الْكَعْبَةِ وَكَانَ يُحِبُّ ذَلِكَ فَصَلَّى رَجُلٌ مَعَهُ الْعَصْر وَلَا لَّهُ مَلَ الله عَلَى قَوْمٍ مِنَ الأَنْصَارِ وَهُمْ رُكُوعٌ فِي صَلَاةِ الْعَصْرِ نَحْوَ بَيْتِ الْمَقْدِسِ فَقَالَ هُو مَنَ الْأَنْصَارِ وَهُمْ رُكُوعٌ فِي صَلَاةِ الْعَصْرِ نَحْوَ بَيْتِ الْمَقْدِسِ فَقَالَ هُو يَشْهُ أُنَّهُ قَدْ وُجِّهَ إِلَى الْكَعْبَةِ قَالَ يَشْهُدُ أَنَّهُ صَلَّى مَعَ رَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم وَأَنَّهُ قَدْ وُجِّهَ إِلَى الْكَعْبَةِ قَالَ فَانْحَرَفُوا وَهُمْ رُكُوعٌ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَقَدْ رَوَاهُ سُفْيَانُ التَّوْرِيُّ عَنْ أَبِي إِسْحَاقَ .

বাংলা

২৯৬২. হারাদ (রহঃ) বারা ইবন আযিব রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন মদীনায় আগমন করেন ষোল বা সতের মাস বায়তুল মুকাদ্দাসের দিকে ফিরে সালাত (নামায) আদায় করেন। কিন্তু রাসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কা'বার দিকে ফিরে সালাত (নামায) আদায় করা পছন্দ কর্তেন। তখন আল্লাহ তা'আলা নাযিল করেনঃ

قَدْ نَرَى تَقَلُّبَ وَجْهِكَ فِي السَّمَاءِ فَلَنُولِّينَّكَ قِبْلَةً تَرْضَاهَا فَوَلِّ وَجْهَكَ شَطْرَ الْمَسْجِدِ الْحَرَامِ

"আকাশের দিকে আপনার বারবার তাকানো আমি লক্ষ্য করছি। সুতরাং আপনাকে আপনার পছন্দের কিবলার দিকে ফিরিয়ে দিচ্ছে। অতএব আপনি (সালাতে) মসজিদে হারামের দিকে মুখ ফিরাবেন।" (২ঃ ১৪৩) অর্থাৎ কা'বার দিকে মুখ করুন। আর তিনি নিজেও তা ভালবাসতেন। এক ব্যক্তি তার সঙ্গে (ঐ দিন) আসরের সালাত



(নামায) আদায় করে আনসারদের একটি সম্প্রদায়ের পাশ দিয়ে যাচ্ছিলেন। তারা তখনও বায়তুল মুকাদ্দাসের দিকে আসরের সালাতে রুকৃতে ছিলেন। তিনি সাক্ষ্য দিলেন যে, তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে সালাত (নামায) আদায় করেছেন এবং তাঁকে কা'বার দিকে ফিরিয়ে দেওয়া হয়েছে। বর্ণনাকারী বলেনঃ তাঁরা রুকৃ অবস্থাতেই কা'বার দিকে ফিরে গেলেন।

সহীহ, সিফাতুস সালাত, বুখারি ৪৪৯২, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২৯৬২ [আল মাদানী প্রকাশনী]
(আবু ঈসা বলেন) হাদীসটি হসান-সহীহ। সূফইয়ান ছাওরী এটিকে আবূ ইসহাক (রহঃ) থেকে বর্ণনা করেছেন।

English

Narrated Al-Bara bin 'Azib:

"When the Messenger of Allah (ﷺ) arrived in Al-Madinah, he performed Salat facing the direction of Bait Al-Maqdis (Jerusalem) for sixteen or seventeen months. The Messenger of Allah (ﷺ) longed to face toward the Ka'bah, so Allah, Might and Sublime is He revealed: Verily, WE have seen the turning of your face towards the heave. Surely, We Shall turn your face in the direction of Al-Masjid Al-Haram (2:144). So he faced the direction of the Ka'bah and he longed for that. (One day) a man performed Salat Al-'Asr along with him." He said: "Then he passed by some people of the Ansar performing Salat Al-'Asr, while they were bowing toward Bait Al-Maqdis. He told them that he testifies that he performed Salat with the Messenger of Allah (ﷺ), and he had faced the direction of the Ka'bah." He said: "So they turned while they were bowing."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ বারা আ ইবনু আযিব (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন